গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: info@rc.gov.bd | rcadmsn@gmail.com website: http://rc.gov.bd | http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta Fax: 02588853145

স্মারক নংঃ ৩৭.০২.৮১২২.১০১.২৫.১৮৮২

তারিখঃ ২২ আশ্বিন ১৪৩২ বঃ
০৭ অক্টোবর ২০২৫ খ্রি.

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষ প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী রেজিস্ট্রেশন করতে নির্দেশ দেয়া যাচ্ছে। **উল্লেখ্য, সংশ্লিষ্ট শিক্ষার্থীগণ ২০/১০/২০২৫ তারিখ পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে রেজিস্ট্রেশন সংক্রান্ত আবেদন ফরম ডাউনলোড করতে পারবেন।**

**অনলাইনে পূরণকৃত আবেদন ফরম জমা দেয়ার সময়সূচি**

| তারিখ | বিষয় | সময় | ভর্তির স্থান | ফি জমা দেয়ার স্থান |
|---|---|---|---|---|
| ১২/১০/২০২৫ থেকে ২০/১০/২০২৫ পর্যন্ত (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) | সকল বিষয় | সকাল ১০ টা থেকে বেলা ০২ টা পর্যন্ত | লাইব্রেরির পূর্ব বারান্দা | ক্যাশ শাখা রাজশাহী কলেজ |

১। **আবেদনের যোগ্যতা:**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত ০৩ বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীকে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারীট টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতক পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরে মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পাবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৮ থেকে ২০২২ সাল পর্যন্ত ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে (অনুচ্ছেদ-১ এর গ এ বর্ণিত) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পাবে।

ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

চ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর থেকে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

ছ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

২। **অনলাইনে আবেদনের নিয়মাবলী, সময়সূচি ও ধার্যকৃত ফি:**

ক) প্রতিটি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অধিভুক্ত একটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) প্রার্থী আবেদন করতে পারবে।

খ) আবেদনেরকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (**www.nu.ac.bd/admissions**) Masters Tab-এ গিয়ে Apply Now (Masters Preli.Private) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

গ) আবেদন ফরমে আবেদনকারী কর্তৃক প্রদত্ত ছবি/কোন তথ্য ভুল বা অসম্পূর্ণ বলে ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত **(যে শিক্ষাবর্ষ হোক না কেন)** কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৩। **বিষয় নির্বাচন ও রেজিস্ট্রেশন আবেদনের অন্যান্য শর্তাবলী:**

ক) অনুমোদিত বিষয়সমূহ: **বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, আরবী, ইসলামিক স্টাডিজ, অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং।**

খ) স্নাতক (পাস) কোর্সে পঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে ইতিহাস এবং ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়টি গণ্য করা যাবে;

ঘ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে বাংলা অথবা ইংরেজি বিষয়ে আবেদনের ক্ষেত্রে স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।

৪। **পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

ক) স্নাতক (পাস)/ সার্টিফিকেট কোর্স পরীক্ষার নম্বরপত্র এবং রেজিস্ট্রেশনের কার্ডের ফটোকপি;

খ) দ্বৈত ভর্তি সম্পর্কিত প্রার্থীর অঙ্গীকারনামার ফটোকপি;

গ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে 'শিক্ষা ছুটি দেয়া হবে' মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।

ঘ) টাকা জমা দেয়ার মূল রশিদ কপি ।

৫। **রেজিস্ট্রেশন ও অন্যান্য ফিসের বিবরণ:**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফি, আবেদন ফি, ব্যবস্থাপনা ফি এবং অন্যান্য ফি শিক্ষার্থী প্রতি : ২৩৪০- (দুই হাজার তিনশত চল্লিশ) টাকা।

৬। রেজিস্ট্রেশন সংক্রান্ত এ বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৭। এই ফরমে প্রার্থীর কোন ভুল/অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার ক্ষমতা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাঃ

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.১৮৩২

তারিখঃ ২২ আশ্বিন ১৪৩২ বঃ / ০৭ অক্টোবর ২০২৫ খ্র.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;

২। বিভাগীয় প্রধান, ........................................................................ বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী;

৩। আহ্বায়ক, প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ রেজিস্ট্রেশন কমিটি, রাজশাহী কলেজ, রাজশাহী;

৪। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;

৫। নথি সংরক্ষণ।

অধ্যক্ষ ০৭/১০/২০২৫

রাজশাহী কলেজ, রাজশাহী।

০৭/১০/২০২৫

F:\HUMAYON_KABIR\MASTERS_Part-1\PRIVATE_Registration\BIGGAPTY_Private REGISTRATION_Online_2013.doc